ভোরের কাগজ

MAY 13 2002

# গাজীপুরে ছাত্রদল ও ছাত্রলীগের কমিটি গঠন নিয়ে অভ্যন্তরীণ বিরোধ

**গাজীপুর প্রতিনিধি :** গাজীপুরে বিআইটি, ঢাকার ছাত্রদলের আহ্বায়ক কমিটি গঠন নিয়ে
৩ দিন যাবৎ ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে ধাওয়া-ধাওয়ি, ক্যাম্পাসে সশস্ত্র মহড়া ও
প্রতিপক্ষকে মারধরের ঘটনা ঘটেছে। এদিকে শনিবার রাতে ছাত্রলীগের সদর উপজেলা
ও পৌর কমিটি ঘোষিত হলে উত্তেজনা দেখা যায়।

গত বৃহস্পতিবার হারুনুর রশিদকে আহ্বায়ক, আসাদুজ্জামান চুনুকে সদস্য সচিব
করে কমিটি গঠিত হলে পূর্বের কমিটির সভাপতি আকিক ও সাধারণ সম্পাদক বিজু ব
য়ার সমর্থকরা তা মেনে নেয়নি। এ নিয়ে দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া
কয়েকটি রুম তছনছ, ক্যাম্পাসে বহিরাগতদের সশস্ত্র মহড়া ও প্রতিপক্ষ লাঞ্ছিত করা
একাধিক ঘটনা ঘটে।

এ ব্যাপারে বিআইটির পরিচালক ডা. নাসিম আহমদকে প্রশ্ন করা হলে তি
উত্তেজনার কথা স্বীকার করে বলেন, শিক্ষকরা তদন্ত করছে। উত্তেজনা প্রশমনের চে
চলছে।

জেলা ছাত্রদল সভাপতি সাখাওয়াত হোসেন সবুজ বলেন, 'নতুন কমিটি গঠিত হ
কিছু প্রতিক্রিয়া হয়ই। শনিবার রাতে দুপক্ষের মধ্যে সমঝোতা বৈঠক হয়েছে।' এদি
গতকাল রোববার সাবেক সভাপতি আকিকের সঙ্গে মোবাইলে যোগাযোগ করে তি
নিজেকে বর্তমান সভাপতি হিসেবে দাবি করেন।

এদিকে শনিবার রাত ১১টার দিকে ছাত্রলীগের গাজীপুর সদর ও পৌরসভা কমি
ঘোষিত হলে দুই গ্রুপের মধ্যে তীব্র উত্তেজনা, পরস্পরের প্রতি গালিগালাজ হয়। প
সাংসদ আহসান উল্লাহ মাস্টারের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। আতিকুর রহম
জুয়েলকে সভাপতি, সোহেল রানাকে সাধারণ সম্পাদক করে পৌর কমিটি এ
আতিকুর রহমানকে সভাপতি ও মফিজুল ইসলামকে সাধারণ সম্পাদক করে স
ছাত্রলীগ কমিটি গঠিত হয়েছে।